



আইনশৃঙ্খলার ঘাটতিতে ভোট বাধাগ্রস্ত হওয়ার আশঙ্কা করলেন ব্যারিস্টার ফুয়াদ



সংগৃহীত ছবি

ভোটের ও প্রার্থীদের নিরাপত্তা নিশ্চিত না হলে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনের ১১ দলীয় জোট প্রার্থী ও এবি পার্টির সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ। শনিবার বাবুগঞ্জের চাঁদপাশায় নির্বাচন আচরণবিধি বিষয়ক সভা শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। ফুয়াদ বলেন, একাধিকবার জেলা প্রশাসন ও রিটার্নিং কর্মকর্তার কাছে অভিযোগ জানানো হলেও কার্যকর কোনো পদক্ষেপ দেখা যাচ্ছে না। নির্বাচন কমিশনের কাছে বিষয়গুলো জানানো হলেও মাঠপর্যায়ে আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকা সন্তোষজনক নয় বলে তিনি অভিযোগ করেন। তার ভাষ্য অনুযায়ী, প্রশাসনের নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন উঠছে।

তিনি আরও দাবি করেন, কিছু ঝুঁকিপূর্ণ কেন্দ্র চিহ্নিত করা হয়েছে, যেখানে একটি রাজনৈতিক দলের কর্মীরা আগেভাগেই প্রভাব বিস্তারের চেষ্টা করছে। এসব বিষয়ে প্রশাসনকে জানানো হলেও দৃশ্যমান কোনো উদ্যোগ নেওয়া হয়নি।

২০০১ সালের পর দেশে গ্রহণযোগ্য নির্বাচন হয়নি উল্লেখ করে ফুয়াদ বলেন, ভালো নির্বাচন করতে হলে সবার জন্য সমান সুযোগ, আচরণবিধির কঠোর প্রয়োগ এবং আইনশৃঙ্খলা বাহিনীর সক্রিয় ভূমিকা জরুরি। সভায় স্থানীয় জামায়াত, ছাত্রশিবির ও এবি পার্টির বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।